

Total No. of Printed Pages—7

X/15/B

2 0 1 5

BENGALI

(INDIAN LANGUAGE)

(CANDIDATES WITH INTERNAL ASSESSMENT)

Full Marks : 80

Pass Marks : 24

(CANDIDATES WITHOUT INTERNAL ASSESSMENT)

Full Marks : 100

Pass Marks : 30

Time : 3 hours

(For Both Categories of Candidates)

The figures in the margin indicate full marks for the questions

General Instructions :

- (i) The Candidates are advised to attempt all questions accordingly.
- (ii) Marks allocated to every question are indicated against each.
- (iii) Question Nos. **1** to **11** are to be answered by both Regular and Private Candidates.
- (iv) Question Nos. **12**, **13** are to be answered by Private Candidates without Internal only.

(2)

বিভাগ—ক

- ১। অনধিক পনেরোটি বাক্যে যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :
- (ক) ১১৭৬ সালের পদচিহ্ন গ্রামে যে ভয়াবহ মন্বন্তর দেখা দিয়েছিল তার একটি সংক্ষিপ্ত বর্ণনা দাও। ৮
- (খ) “এবার যে তোমরা আমাদের কি নাকাল করেছ সে কথাটা ভেবে দেখ দেখি মনে মনে।” কোন্ পরিপ্রেক্ষিতে এই উক্তিটি করা হয়েছে? প্রাসঙ্গিক আলোচনা করো। ৩+৫=৮
- ২। যে-কোন একটি প্রশ্নের উত্তর লেখ (অনধিক ছয়টি বাক্যে) : ৪
- (ক) “যা খুশী কর বাপু, আমি জানিনে।” বক্তা কে? কাকে একথা বলেছে? কেন বলেছে? ১+১+২=৪
- (খ) “আজ ধনী নির্ধনের এক দর।” কে এই কথাগুলো বলেছেন? কোন্ প্রসঙ্গে বলেছেন? ১+৩=৪
- ৩। প্রতিটি প্রশ্নের উত্তর একটি শব্দ বা বাক্য দ্বারা লেখ : ১×৩=৩
- (ক) মহম্মদ রেজা খাঁ শতকরা কত টাকা রাজস্ব বাড়িয়ে দিয়েছিল?
- (খ) “আমরা খাটি-খুটি খাই; আমাদের আজ এ বেলাটাই মাটি।” বক্তা কে?
- (গ) অপুদের স্কুলের হেডমাস্টারের নাম কি ছিল?
- ৪। শূন্যস্থান পূর্ণ কর : ১×৩=৩
- (ক) বেশ, বেশ ———। কি নাম তোমার?
- (খ) আমার চোখের ওপর ——— ঘরের হাল উঠে গিয়েছে।
- (গ) ——— বড় কান্নার কোলাহল পড়িয়া গেল।

(3)

বিভাগ—খ

৫। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) “কি কহিব দুঃখ মোর কহনে না যায়।

কাহারে বলিব বল দোষী বাপ-মায় ॥”

কে, কাকে, কি ধরনের দুঃখের কথা বর্ণনা করেছেন ?

১+১+৬=৮

(খ) ‘বটবৃক্ষ’ অবলম্বনে মাইকেল মধুসূদন দত্তের প্রকৃতি-প্রেমের যে পরিচয় পাওয়া যায়

তা লিপিবদ্ধ কর।

৮

৬। একটি বাক্যে অথবা একটি শব্দে উত্তর লেখ :

১×৪=৪

(ক) ফুল্লরাকে বর্ষাকালে কি কামড়ায় ?

(খ) কোন্ দেশের স্নিগ্ধ উপকূলে লুক্কতার লালা বারে ?

(গ) তোমারে স্মরণ করি আজ এই দারুণ দুর্দিনে

হে বন্ধু হে ———।

(শূন্যস্থান পূর্ণ কর)

(ঘ) বিধির ——— তুমি তরু-রূপ ধরি!

(শূন্যস্থান পূর্ণ কর)

বিভাগ—গ

৭। অনধিক তেরোটি বাক্যে যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

৮

(ক) গারো পাহাড়ের গিরিশ্রেণীগুলো সম্বন্ধে যা জান লেখ। এছাড়া গারো পাহাড়ের প্রধান

পাঁচটি নদীর সংক্ষিপ্ত বর্ণনা দাও।

৩+৫=৮

(খ) গারোরা ভূত পূজা করে কেন? সুপ্রিয়র দেখা গারো পাহাড়ে অনুষ্ঠিত ভূত পূজার

সংক্ষিপ্ত বিবরণ দাও।

১+৭=৮

(4)

৮। প্রতিটির উত্তর একটি শব্দে অথবা অনধিক একটি বাক্যে লেখ : ১×৪=৪

(ক) গারোদের পূর্বপুরুষরা কোথা থেকে এসেছিলেন ?

(খ) *British Annexation of Garo Hills* বইটি কে লিখেছিলেন ?

(গ) গারো পাহাড়ের প্রধান কৃষিজাত সম্পদ কি ?

(ঘ) উইলিয়াম নগরের ডি. সি.-র নাম কি ছিল ?

বিভাগ—ঘ

৯। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখ :

(ক) উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে-কোন দুটি) : ২×২=৪

স্বরাগম ; বহুব্রীহি সমাস ; বর্ণবিপর্যয় ; অন্ত্যাগম ।

(খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যে-কোন তিনটি) : ২×৩=৬

ময়ূরান্ধ ; নীরব ; প্রেতমূর্তি ; দশকর্ম ; উপকূল ।

(গ) সঠিক অর্থ নির্দেশ করে নিচে লেখা বাগধারাগুলো দিয়ে বাক্য রচনা কর
(যে-কোন চারটি) : ১×৪=৪

অরণ্যে রোদন ; আকাশকুসুম ; উভয় সঙ্কট ; একাদশে বৃহস্পতি ;
গোবর গণেশ ; খয়ের খাঁ ।

(ঘ) নিম্নলিখিত শব্দযুগলের অর্থ-পার্থক্য লেখ (যে-কোন তিনটি) : ১×৩=৩

অশ্ব—অশ্ম ; গোলক—গোলোক ; অবিরাম—অভিরাম ; ইতি—ঈতি ;
সূত—সূত ।

(5)

(ঙ) বাক্য সংকোচন কর (যে-কোন তিনটি) :

১×৩=৩

একই গুরুর শিষ্য ; জলে ও স্থলে চরে যে ; পাণ্ডুর পুত্র ; বারমাসের বর্ণনা ;
অশ্বের ধ্বনি ।

বিভাগ—ঙ

১০। নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও (প্রতিটি অনধিক তিনটি বাক্যে) : ২×৪=৮

এক দেশে এক পাখি ছিল। সে ছিল মূর্খ। সে কেবল গান গাইত, লাফাত, উড়ত। সে শাস্ত্র পড়তে জানত না, কায়দাকানুন কাকে বলে জানত না। রাজা তাই মন্ত্রীকে ডেকে পাখিটাকে শিক্ষা দেবার আদেশ দিলেন। রাজার ভাগ্নেদের ওপর পাখিটাকে শিক্ষা দেবার ভার পড়ল। পণ্ডিতেরা পাখির অবিদ্যার কারণ অনুসন্ধান করে বললেন—পাখির খড়কুটার বাসার বদলে ভালো ও বড় খাঁচা বানাতে হবে। স্যাকরা এসে সোনার খাঁচা বানাল। সবাই সে খাঁচা দেখে খুশী। পণ্ডিত নিযুক্ত হল পাখিটাকে লেখাপড়া শেখানোর জন্য। লিপিকর অনেকগুলো নিয়োগ করা হল পুঁথি নকল করে পর্বত প্রমাণ করার জন্য। খাঁচাটার মেরামত তদারকি করার জন্য কয়েকজন লোক রাখা হল। সবই হল কিন্তু পাখির কথা কেউ মনে রাখল না। নিম্নকের এ কথা শুনে রাজা স্বয়ং এলেন পাখির শিক্ষণ পদ্ধতি প্রত্যক্ষ করার জন্য।

(ক) রাজা কেন মন্ত্রীকে ডেকে পাখিটাকে শিক্ষা দেবার আদেশ দিয়েছিলেন? ২

(খ) রাজার ভাগ্নেরা যখন পণ্ডিত নিয়োগ করল, পণ্ডিতেরা কি বলেছিলেন? ২

(গ) খাঁচা বানানোর পর পাখিটাকে শেখানোর জন্য আরো কি কি ব্যবস্থা নেওয়া হয়েছিল? ২

(ঘ) রাজা কেন পাখির শিক্ষণ-পদ্ধতি প্রত্যক্ষ করতে এসেছিলেন? ২

১১। যে-কোন একটি বিষয় অবলম্বন করে প্রবন্ধ লেখ (২৫০ শব্দের মধ্যে) :

১০

(ক) দৈনন্দিন জীবনে বিজ্ঞানের দান

(খ) নিয়মানুবর্তিতা


(গ) দেশভ্রমণ শিক্ষার অঙ্গ

(ঘ) প্রিয় কবি

(6)

অথবা

নিচের ছবিটি দেখে ছবিটির বিস্তৃত বিবরণ দাও :



X/15/B/10

[Contd.]

(7)

অথবা

নিম্নলিখিত সংকেত সূত্রগুলো অবলম্বন করে একটি গল্প রচনা কর (কেবলমাত্র দৃষ্টিহীন ছাত্র-ছাত্রীদের জন্য) :

চিত্র প্রতিযোগিতা — প্রসিদ্ধ তিন শিল্পীর তিনটি চিত্র — একবুড়ি ফল — ষাঁড় ফল খেতে এল — একটি ফুল — ভ্রমর উড়ে এসেছে — একটি পর্দা — বিচারক স্বয়ং পর্দা তুলতে গেলেন — শ্রেষ্ঠ চিত্র নির্বাচন।

(For Private Candidates Only)

১২। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও :

২×৪=৮

(ক) “বৈশাখ হইল বিষ গো, বৈশাখ হইল বিষ।” বৈশাখকে কেন বিষ বলা হয়েছে ?

(খ) “তোমারে স্মরণ করি আজ এই দারুণ দুর্দিনে।” কার লেখা? কাকে স্মরণ করা হয়েছে ?

(গ) ‘দুর্দিন’ গল্পটি কার লেখা? কোন্ পটভূমিকায় ?

(ঘ) ‘মায়াময় মেঘালয়’ কার লেখা? এর বিষয়বস্তু কি ?

(ঙ) “একপে কদিন চলিবে?” উক্তিটি কার? কোন্ রচনার ?

১৩। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

৬×২=১২

(ক) ‘সমুদ্রের স্বাদ’ গল্পে নীলার সমুদ্র দেখার সাধ কিভাবে পূর্ণ হয়েছিল ?

(খ) ‘ফুল্লরার বারমাস্যা’ কবিতা অবলম্বনে ফুল্লরার দুঃখের কারণগুলি লেখ।

(গ) গারো পাহাড়ের মানুষের প্রধান উপজীবিকা কি, আলোচনা করো।

★★★